বিটিএস তারকা জিনের নতুন একক অ্যালবাম ‘হ্যাপি’ আসছে

written by Chandradip News24 | October 20, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: বিটিএসের জনপ্রিয় তারকা জিন দুই বছরের বাধ্যতামূলক সামরিক প্রশিক্ষণ শেষে জুনে ফিরেছেন এবং এবার নতুন ঘোষণা দিয়েছেন। তিনি গানের দুনিয়ায় আবারও চমক নিয়ে আসছেন। আসন্ন প্রথম একক অ্যালবাম ‘হ্যাপি’ প্রকাশের অপেক্ষায় ভক্তরা।

বিগহিট মিউজিকের পক্ষ থেকে জানানো হয়েছে, ‘হ্যাপি’ অ্যালবামটি ছয়টি ভিন্ন ধারার গান নিয়ে সাজানো হয়েছে, যার মাধ্যমে জিন সুখের অর্থ তুলে ধরবেন। এ অ্যালবাম প্রকাশের আগে তিনি নেটফ্লিক্সের ‘কিয়ানস বিজার আর অ্যান্ড বি’ সিরিজের শুটিংসহ বিশেষ গান ‘সুপার টুনা’ নিয়ে ব্যস্ত ছিলেন। গত ১১ অক্টোবর প্রকাশিত ‘সুপার টুনা’ বর্তমানে জাপানের ওরিয়ন ডেইলি ডিজিটাল সিঙ্গেল চার্টে শীর্ষে অবস্থান করছে।

জিনের প্রথম একক অ্যালবামটি ১৫ নভেম্বর মুক্তি পাবে। সামরিক প্রশিক্ষণের আগে, ২০২২ সালে বিটিএসের অন্য সদস্যদের সঙ্গে তার প্রথম একক গান ‘অ্যাসট্রোনাট’ প্রকাশ পায়। বর্তমানে বিটিএসের অন্য সদস্যরা সামরিক প্রশিক্ষণে রয়েছেন, তাই জিন এককভাবে গানের

জগতে অংশ নিলেও তাদের ব্যান্ডের কার্যক্রম বন্ধ রয়েছে।